গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
অপারেশন ও সমন্বয় শাখা
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা- ১০০০
www.gsb.gov.bd

বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার

**বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের মার্চ/২০২৪ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | মোহাম্মদ ইলিয়াস হোসেন<br>মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | **২৫ মার্চ ২০২৪** |
| সভার সময় | ১১:০০ |
| স্থান | জুম প্লাটফর্ম |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের মার্চ/২৪ মাসের সমন্বয় সভার কার্যক্রম শুরু করেন।

২। মহাপরিচালক পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিয়ে কোন সদস্যের মতামত বা অবজারভেশন আছে কিনা জানতে চান। কোন মতামত বা অবজারভেশন না থাকায় সর্বসম্মতিতে গত ২৮-০২-২০২৪ তারিখে অনুষ্ঠিত ফেব্রুয়ারি/২৪ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে পরিচালক (অপারেশন ও সমন্বয়) কার্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করেন।

৩। গত ২৮-০২-২০২৪ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয় এবং উপস্থিত কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা |
|---|---|---|---|
| | ভূবিজ্ঞান সংক্রান্ত | | |

| | | | |
|---|---|---|---|
| ৩.১। | ২০২৩-২০২৪ অর্থবছরের বহিরংগন সংক্রান্ত আলোচনায় জনাব মো: কামরুল আহসান, পরিচালক (ভূতত্ত্ব) ও শাখাপ্রধান, অপারেশন ও সমন্বয় বলেন জিডিএইচ-৭৮/২৩ শীর্ষক ড্রিলিং কার্যক্রমের গভীরতা ১০০ মিটার বর্ধিত করে ১২০০ মিটার নির্ধারণ করা হয় এবং গত ৭ মার্চ/২৪ খনন কার্যক্রম সমাপ্ত করা হয়। কার্যক্রম সম্পর্কে অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এসেসমেন্ট শাখার শাখাপ্রধান জনাব মো: আলী আকবর, পরিচালক (ভূতত্ত্ব ) বলেন, এটা জিএসবি কর্তৃক খননকৃত সর্বোচ্চ গভীরতার কূপ যার গভীরতা ১২০২মিটার এবং এটা জিএসবির জন্য একটা মাইলস্টোন হয়ে থাকবে। তিনি বলেন, যে জন্য খনন কার্যক্রম পরিচালনা করা হয়েছিল সেই মেটালিক মিনারেল তথা ম্যাগনেটিক মিনারেলের উপস্থিতির ক্ষেত্রে আমাদের প্রাথমিক পর্যবেক্ষণে মনে হয়েছে যে, এখানে অধিক পুরুত্বের একটা ম্যাগনেটিক বডি বিদ্যমান রয়েছে যার পুরুত্ব ৫০০ মিটারের অধিক এবং এর ম্যাগনেটিক ইন্টেনসিটির মাত্রা নিম্ন থেকে মধ্যম মানের। ম্যাগনেটিক মিনারেলের সঠিক মাত্রা এবং অন্য কোনো মূল্যবান মণিক রয়েছে কিনা, তা ল্যাব টেস্ট মিনালরজিক্যাল টেস্ট এবং প্রয়োজনীয় অন্যান্য টেস্ট সম্পন্ন করার পরে বলা সম্ভব হবে। সভাপতি জানতে চান যে, প্রাপ্ত ম্যাগনেটিক মিনারেলের প্রসপেক্ট কেমন এবং পূর্বে খনন থেকে প্রাপ্ত নমুনার তুলনায় এই কূপ থেকে প্রাপ্ত নমুনার কোন পার্থক্য আছে কিনা। জবাবে জনাব মো: আলী আকবর, পরিচলক (ভূতত্ত্ব) বলেন, পূর্বে জিডিএইচ-৫৪ এবং জিডিএইচ-১৫ খনন করা হয়েছিল। সেখান থেকে প্রাপ্ত নমুনা এবং ভূপদার্থিক জরিপ তথ্য থেকে জানা যায় যে, ম্যাগনেটিক বডিটির সর্বোচ্চ চৌম্বকীয় মাত্রার যে জোন সেটা হয়তো জিডিএইচ-১৫ এর কাছাকাছি। তাই আমাদের পরবর্তীতে সর্বোচ্চ চুম্বকীয় জোনে খনন কাজ পরিচালনা করা উচিত। তিনি উল্লেখ করেন, নিশ্চিতভাবে বলা যেতে পারে যে, এটা অধিক পুরুত্বের একটা ম্যাগনেটিক বডি কিন্তু এর প্রসপেক্ট সম্পর্কে বলতে আরও খনন কাজ পরিচালনা করা প্রয়োজন।<br>লগিং এর বিষয়ে জনাব ড. সুলতানা নাছরিন নূরী, পরিচালক (ভূপদার্থ) বলেন, পথম পর্যায়ে ১৯৭৭ ফুট থেকে ৩২৮০ ফুট পর্যন্ত লগিং সম্পন্ন হয়েছে এবং দ্বিতীয় ধাপে ১১৯০ ফুট থেকে ১৮৯০ ফুট পর্যন্ত লগিং সম্পন্ন হয়েছে। বহিরংগন দল গতকাল কাজ শেষ করেছে এবং আজকে জিএসবি বগুড়া অফিসে অবস্থান করছেন। সেখানে ইন্সট্রুমেন্ট ও ক্যাবলগুলো পরিষ্কারের কাজ সম্পন্ন করে আগামী কাল ঢাকায় পৌছাবে। তিনি বলেন, লগিংএ ম্যাগনেটিক সিগনেচারের মান ছিল ১২০০ থেকে ২০০০ এর মধ্যে যেটা মধ্যম মানের ম্যাগনেটিক ইন্টেনসিটি নির্দেশ করে। সভায় বলা হয় যে, ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়াটারনারী ভূতত্ত্ব শাখার একটি দল চট্টগ্রামের রাউজানে ভূতাত্ত্বিক মানচিত্রায়নের কাজ সম্পন্ন করে সদর দপ্তরে যোগদান করেছে। এ কাজের অগ্রগতির বিষয়ে শাখাপ্রধান জনাব নাসিমা বেগম, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, প্রাথমিক রিপোর্ট তৈরির কাজ করা হচ্ছে এবং বিভিন্ন ল্যাবে পরীক্ষা করার জন্য নমুনা বাছাইয়ের কাজ চলছে। দূর অনুধাবন ও জিআইএস শাখা থেকে গাইবান্ধা জেলার ফলছড়ি উপজেলায় একটি দল বহিরঙ্গন কাজ সম্পন্ন করে সদর দপ্তরে যোগদান করেছে। উক্ত কাজের অগ্রগতি বিষয়ে শাখাপ্রধান জনাব সৈয়দ নজরুল ইসলাম, পরিচালক (ভূতত্ত্ব) বলেন তিনি কাজ বহিরঙ্গন চলাকালীন সময়ে পরিদর্শনে গিয়েছিলেন। কাজ পরিকল্পনামাফিক সম্পন্ন করা হয়েছে এখন ল্যাবরেটরি ও অন্যান্য এনালাইসিস এর কাজ পর্যায়ক্রমে শুরু করা হবে। | ক) সকল বহিরংগন কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। | পরিকল্পনা ও বাস্তবায়ন শাখাসহ সংশ্লিষ্ট সকল শাখা। |

| | | | |
|---|---|---|---|
| ৩.২। | ২০২৩-২০২৪ অর্থবছরের এপিএ সংক্রান্ত আলোচনায় পরিচালক (অপারেশন ও সমন্বয়) বলেন, প্রশিক্ষণ নিয়মিতভাবেই সম্পন্ন করা হচ্ছে এবং মার্চ মাসে তিন দিনের একটি প্রশিক্ষণ গত সপ্তাহে সম্পন্ন করা হয়েছে। এছাড়া এপিএতে দুটি ভূপদার্থিক লগিং করার জন্য ৪ পয়েন্ট বরাদ্দ ছিল যার দুইটা লগিং ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে। সভাপতি জানতে চান যে, এপিএ বাস্তবায়নে আর কোন চ্যালেঞ্জ রয়েছে কিনা। এ বিষয়ে জনাব আরিফ মাহমুদ পরিচালক (ভূতত্ত্ব) বলেন, ৫ টুলসে'র মধ্যে ইনোভশনের একটি কাজ ছিল চ্যালেঞ্জিং তবে লাইব্রেরি ডিজিটালাইজেশনের সে কাজটি ইতোমধ্যে শুরু করা হয়েছে। সভাপতি উক্ত কাজটি ওবেসাইটে আপলোডের সর্বশেষ তারিখ জানতে চান। সভায় জানানো হয় যে, সর্বশেষ তারিখ ছিল ১৬ মার্চ/২৪ এবং সেটা ১৪ মার্চ/২৪ ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। সভায় বলা হয় যে, শুদ্ধাচারের ২/৩ টি কাজ বাকি রয়েছে যার সময় আছে জুন/২৪ পর্যন্ত আশা করা যায় তার পূর্বেই কাজগুলো সম্পন্ন হয়ে যাবে।<br><br>ডি-নথির ব্যবহার বিষয়ে পরিচালক (অপারেশন ও সমন্বয়) বলেন, গত ৩ মাস জানুয়ারি/২৪, ফেব্রুয়ারি/২৪ ও মার্চ/২৪ এ হার্ড কপিতে নিষ্পত্তিকৃত নথির সংখ্যা যথাক্রমে ১১৫টি, ১০৫টি ও ৪০টি অর্থাৎ মোট (১১৫+১০৫+৪০)=২৬০ টি এবং ইফাইলে নিষ্পত্তিকৃত নথির সংখ্যা যথাক্রমে ৪৭০টি, ৩৩২টি ও ৩৬২টি অর্থাৎ মোট (৪৭০+ ৩৩২+৩৬২)=১১৬৪টি। গত ৩ মাসে ইফাইলে নিষ্পত্তিকৃত নথির হার ৮১.৭৪%। | ক) পরিকল্পনামাফিক এপিএ বাস্তবায়ন করতে হবে।<br>খ) ডি-নথির ব্যবহার- বৃদ্ধি করতে হবে। | এপিএ টিমসহ সংশ্লিষ্ট শাখাসমূহ |
| | **প্রশাসনিক আলোচনা** | | |
| ৩.৩। | নিয়োগ সংক্রান্ত বিষয়ে জনাব মো: কামরুল আহসান, পরিচালক (অপারেশন ও সমন্বয়) বলেন, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) পদে সাত জন এবং সহকারী পরিচালক (ভূপদার্থ) পদে দুইজনকে বিপিএসসি থেকে সুপারিশ করা হয়েছে এবং অচিরেই নথি বিপিএসসি হতে মন্ত্রণালয়ে পাঠানো হবে। মেডিকেল টেস্ট এবং পুলিশ ও এনএসআই ভেরিফিকেশন সম্পন্ন হলে তারা যোগদান করবে। তিনি বলেন, কর্মচারীদের ৮১ টি পদের নিয়োগের সার্কুলার গত ১৭ ফেব্রুয়ারি পত্রিকায়/ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে তাদের আবেদন গ্রহণ প্রক্রিয়া চলছে। ৩১শে মার্চ পর্যন্ত টেলিটকের মাধ্যমে আবেদন প্রক্রিয়া চলমান থাকবে এবং পরবর্তী তিন দিন টাকা গ্রহণের সময় দেয়া আছে। এপ্রিলের ৩/৪ তারিখের দিকে টেলিটক তাদের ফাইলগুলো আমাদের কাছে হস্তান্তর করবে। পরীক্ষা গ্রহণ করার জন্য বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করা হচ্ছে। মে/২৪ এর প্রথম দিকে লিখিত পরীক্ষা গ্রহণ করা যাবে এবং লিখিত পরীক্ষা গ্রহণ সম্পন্ন করতে আনুমানিক তিন সপ্তাহের মতো সময় লাগবে। | ক) কর্মকর্তাদের শূন্য পদের পুনঃনিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।<br>খ) ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের নিয়োগ প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে। | অপারেশন ও সমন্বয় শাখা |
| | **বিবিধ আলোচনা** | | |
| ৩.৪ | প্রকল্প বিষয়ক আলোচনায় পরিচালক, অপারেশন ও সমন্বয় জার্মানদের সাথে স্বাক্ষর হতে যাওয়া Geo-Information for the Implementatin of Climate Change-Resilient Urbanization (GICU) শীর্ষক প্রকল্পের বিষয়ে বলেন, জনাব মো: ফিরোজ আলম উপপরিচালক (ভূতত্ত্ব) আজকে পরিকল্পনা কমিশনে যোগাযোগ করেছিলেন তারা জানিয়েছে যে, প্রকল্পটি এখনো অনুমোদিত হয়নি।<br><br>খনন প্রকৌশল শাখার প্রকল্পের বিষয়ে পরিচালক, অপারেশন ও সমন্বয় বলেন, প্রকল্পটি একনেক সভায় উঠার অপেক্ষায় রয়েছে। সভায় উঠলেই এটা অনুমোদিত হবে বলে আমাদের জানানো হয়েছে।<br><br>সভায় জিএসবি'র বগুড়া, মিরপুর, চট্টগ্রাম ও খুলনা ক্যাম্প অফিসসমূহের জন্য জনবলসহ ডিপিপি প্রণয়নের জন্য গঠিত কমিটিসমূহের বিষয়ে বলেন, প্রত্যেক কমিটি তাদের ডিপিপি প্রণয়নের কাজ করছেন। তবে ডিপিপি এখনও জমা দেয়া হয়নি। | ক) জার্মানদের সাথে আসন্ন প্রকল্পের টিএপিপি অনুমোদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।<br>খ) খনন প্রকৌশল শাখার প্রকল্প অনুমোদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।<br>গ) জিএসবি'র বগুড়া, মিরপুর, চট্টগ্রাম ও খুলনা ক্যাম্প অফিসসমূহের ডিপিপি প্রণয়ন সম্পন্ন করতে হবে। | পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা এবং প্রকল্প সংশ্লিষ্ট কমিটি ও শাখাসমূহ। |

| | | | |
|---|---|---|---|
| ৩.৫ | পরিচালক (অপারেশন ও সমন্বয়) বলেন, সিলেটের গোয়াইনঘাটে জিওহেরিটেজের জন্য ৯.৫ কোটি টাকা অর্থ মন্ত্রণালয় থেকে বরাদ্দ দেয়া হয়েছে। এ বিষয়ে জনাব মো: মিজানুর রহমান, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, ইতোমধ্যে প্রায় ৮ কোটি ৫২ লাখ টাকার টেন্ডার আহবান করা হয়েছে তা এখন ওয়েবসাইটে লাইভে আছে। তিনি বলেন, আনসার শেড এর ডিজাইন এখনও পাওয়া যায়নি। তবে এটার টেন্ডার করার জন্য ঢাকা থেকে অনুমোদনের প্রয়োজন হবে না। সিলেটের পিডব্লিউডি (PWD)’র অ্যাডিশনাল চিপ ইঞ্জিনিয়ারের এখতিয়ারের মধ্যে থাকায় তিনি নিজে-এর অনুমোদন প্রদান করতে পারবেন। এখন যেহেতু চলমান টেন্ডার লাইভে আছে সেটা শেষ হওয়ার পরই আনসার শেড-এর টেন্ডার কাজটা সম্পন্ন করা হবে বলে তারা জানিয়েছে। সভাপতি দ্রুত অর্থ ছাড় প্রক্রিয়া সম্পন্ন করার কথা বলেন। জনাব মো: মিজানুর রহমান, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, অর্থ ছাড়ের চিঠি ইতোমধ্যে পিডব্লিউডি (PWD)’কে প্রেরণ করা হয়েছে এবং তারা চাইলে এখন টাকা ট্রানসফার করতে পারবে। ২য় পর্যায়ের (১২.৫৯ একর) ভূমি অধিগ্রহণের বিষয়ে তিনি বলেন, জেলা প্রশাসনের সাথে আলোচনা হয়েছে তারা জানিয়েছেন যে, অতি দ্রুত অধিগ্রহণের কাজটি সম্পন্ন করা হবে। ইতোমধ্যে ফিজিবিলিটি সম্পন্ন করা হয়েছে এখন ৪ ধারা জারির জন্য নথি উঠানো হবে ।<br><br>কুড়িগ্রাম জেলার বালিতে বিভিন্ন মণিক বিদ্যমান থাকার বিষয়ে জনাব মো: আলী আকবর, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, কুড়িগ্রাম জেলার বালিতে ভারি মণিক এবং মূল্যবান মণিক এর বিষয়ে একজন কর্মকর্তা গবেষণা করছে তার গবেষণার ফলাফল থেকে এ বিষয়ে আরোও ভালোভাবে জানা যাবে। এছাড়াও এ বিষয়ে একটা প্রকল্প হাতে নেয়া হয়েছে এবং তা প্রক্রিয়াধীন আছে। তিনি বলেন, কুড়িগ্রাম জেলায় ১৫ একর ভূমিতে সিলিকা প্রক্রিয়াজাতকরণ প্ল্যান্ট এবং ১০ একর ভূমিতে গবেষণা কেন্দ্র স্থাপনের জন্য মোট ২৫ একর জমি চেয়ে কুড়িগ্রাম জেলপ্রশাসক’কে ইএমআরডি (EMRD) থেকে একটা পত্র প্রেরণ করা হয়েছে। এর সম্ভাব্যতা যাচাই, সাইট সিলেকশন এবং এরিয়া ডিমার্কেট করার জন্য জিএসবি’র একজন কর্মকর্তা সেখানে গমন করবেন। এ পরিকল্পনা বাস্তবায়িত হলে দেশের শিল্পায়ন ও কর্মসংস্থান সৃষ্টিতে জিএসবি’র ভূমিকা স্মরণীয় হয়ে থাকবে। সভাপতি এ কাজ বাস্তবায়নে গুরুত্বসহকারে প্রচেষ্টা চালিয়া যাওয়ার নির্দেশনা প্রদান করেন। তার পক্ষ থেকে কি কি করণীয় সেটা তাকে অবহিত করতে এবং কাজের বিষয়ে তাকে নিয়মিতভাবে জানানোর জন্য বলেন, যাতে তিনি প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে পারেন। | ক) সিলেটের গোয়াইনঘাটে জিওহেরিটেজের জন্য স্থাপনা নির্মাণ কাজ সম্পন্ন করতে হবে।<br><br>খ)কুড়িগ্রাম জেলায় সিলিকা প্রক্রিয়াজাতকরণ প্ল্যান্ট এবং গবেষণা কেন্দ্র স্থাপন করতে হবে। | সংশ্লিষ্ট কমিটি ও শাখাসমূহ। |

৪. সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধ্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০২-০৪-২০২৪
মোহাম্মদ ইলিয়াস হোসেন
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

তারিখ: ১৯ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
০২ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.০৫.০০০০.০০০.০৬.০০৪.১৮.৪

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ;

২। জিএসবি’র শাখা প্রধানগণ;

৩। উর্ধ্বতন হিসাব রক্ষণ কর্মকর্তা , হিসাব উপশাখা , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর এবং

৪। অফিস সহকারি-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।

০২-০৪-২০২৪
মোঃ কামরুল আহসান
পরিচালক (ভূতত্ত্ব)